নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতির করণ
নলহাটী :: বীরভূম।

NIT NO- 01 /2022-23 Dated: - 08/07/2022

টোলট্যাক্স আদায়ের দরপত্রের বিজ্ঞপ্তি
(3rd Call)

এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা যাইতেছে যে নলহাটী -১ নং পঞ্চায়েত সমিতির অধীন নিম্নবর্ণিত রাস্তাটির টোলট্যাক্স আদায়ের জন্য আগ্রহী ব্যক্তি বা সংস্থার নিকট হইতে গালা দ্বারা সীলবদ্ধ খামে দরপত্র আহ্বান করা হইতেছে।

| টোলপ্লাজার নাম | রাস্তার নাম | নূন্যতম নির্দ্ধারিত বার্ষিকদর |
|---|---|---|
| কানিসাইল টোলপ্লাজা | নলহাটী কোঠাতলা -- নসিপুর রোড় ভায়া বাউটিয়া. | ৭৫,০০,০০০/- পঁচাত্তর লক্ষ) টাকা |

শর্তাবলীঃ-

| | |
|---|---|
| আবেদনপত্র গ্রহণের তারিখ | ১২-ই জুলাই ২০২২ বেলা ১২:০০ টা হইতে বৈকাল ৫:৩০ ঘটিকা পর্যন্ত। |
| দরপত্র ক্রয়ের তারিখ | ১৫-ই জুলাই ২০২২ বেলা ১২:০০ টা হইতে বৈকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত । |
| দরপত্র জমা দেবার তারিখ | ১৯-ই জুলাই ২০২২ বৈকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| দরপত্র খোলার তারিখ | ১৯-ই জুলাই ২০২২ বৈকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত। |

১) উপরোক্ত টোলের দায়িত্ব গ্রহনের দিন হইতে ১ (এক) বৎসরের মেয়াদে চুক্তির ভিত্তিতে লীজ দেওয়া হইবে।

২) টোলের নির্দ্ধারিত বার্ষিক দর যা উপরে উল্লেখ করা হয়েছে উক্ত টাকার কম কোন দর গ্রহন করা হইবে না।

আগ্রহী দরদাতারা নির্দ্ধারিত ফর্ম অত্র অফিস হইতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ জমা দিয়া ১৫/০৭/২০২২ তারিখ বেলা ১২:০০ টা হইতে বৈকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করিতে পারিবেন। ফর্ম সংগ্রহ কারিকে বিগত পাচ বছরের মধ্যে কোনো সরকারী টোল চালানোর অভিজ্ঞতা অথবা কোন একটি কাজে উপরি উল্লিখিত নুন্যতম নির্দ্ধারিত বার্ষিকদরের ২০ শতাংশ টাকার কাজ করার শংসাপত্র থাকা আবশ্যিক। দরপত্র পুরন করার সঙ্গে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মূল্যের ব্যাঙ্ক ড্রাফট, ( নির্বাহী আধিকারিক, নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতির অনুকুলে ) আবেদন পত্রের সঙ্গে জি.এস.টি রেজিস্ট্রেশন সার্টিফিকেট, জি.এস.টি রির্টান কারেন্ট, প্যান কার্ড , ইনরোলমেন্ট সার্টিফিকেট , পি-ট্যাক্স চালান , ট্রেড লাইসেন্স ও সর্বশেষ ইনক্যাম ট্যাক্স রির্টান / সরল এর প্রতিলিপি জুড়ে দেবেন এবং সমস্ত আসল নথিপত্র আনিতে হইবে। আগামী ১৯/০৭/২০২২ বেলা ৪:০০ ঘটিকা পর্যন্ত নির্দ্দিষ্ট টেণ্ডার বক্সে তাহাদের দরপত্র ও ব্যাঙ্ক ড্রাফট সীলবদ্ধ খামে জমা দেবেন এবং ঐ একই দিনে বেলা ৪:৩০ ঘটিকায় আগ্রহী দরদাতাদের সামনে দরপত্র খোলা হইবে। খামের উপর প্রেরকের নাম, ঠিকানা, বিজ্ঞপ্তির স্মারক নং অতি অবশ্যই লিখতে হবে।

৩) শুধুমাত্র সর্বোচ্চ ১ম, ২য় ও ৩য় দরদাতাগনের ব্যাঙ্ক ড্রাফট জমা রেখে বাকীদের ব্যাঙ্ক ড্রাফট ফেরত দেওয়া হইবে।

৪) সর্ব্বোচ দরপত্র / যে কোনো দরপত্র / সমস্ত দরপত্র কোনো কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষের গ্রহণ বা বাতিল করার ক্ষমতা থাকিবে এবং টোল সংক্রান্ত যে কোন বিষয়ে পঞ্চায়েত সমিতির সিদ্ধান্তই কার্যকরী হইবে।

৫) যে কোনো ধরনের লীজ গ্রহীতা যিনি বা যাহারা পঞ্চায়েত সমিতিকে দেয় বকেয়া টাকা পরিশোধ করেননি তিনি বা তাহারা এই দরপত্রে অংশ গ্রহন করিতে পারিবেন না, করিলেও তাহা বাতিল বলিয়া গণ্য করা হইবে।

৬) অনুমোদিত দরদাতাকে টোলের দায়িত্ব গ্রহনের পূর্বে সম্পূর্ণ টাকা (গ্রহীত দর পত্রের) তৎসহ শতকরা দুই শতাংশ হারে আয়কর অত্র অফিসে জমা দিলে এবং স্ট্যাম্প পেপারে কবুলতি (Agreement) সম্পাদন করিলে উক্ত অনুমোদিত দরদাতা টোলের দায়িত্ব গ্রহন করিতে পারিবেন।

৭) দরপত্র নির্বাচনের ৭(সাত) দিনের মধ্যে সর্বোচ্চ ডাকের ৫০% টাকা জমা না দিলে তার বায়না জমা (Security money ) ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা কর্তৃপক্ষ কর্তৃক বাজেয়াপ্ত করা হইবে।

৮) লিজের মেয়াদান্তে পুণঃ-নবিকরন (Renewal) লিজ গ্রহিতার সন্তোষজনক আচরনের উপর কর্তৃপক্ষের বিবেচনাধিন থাকিবে ।

৯) ক্রমান্বয়ে ৩০ দিন বা তার কমে রাস্তা বা টোলে আদায় বন্ধ থাকিলে তাহা মকুবের কোনো আবেদন গ্রাহ্য হইবে না। মকুবের আবেদন সম্পুর্ণ ভাবে কর্তৃপক্ষের বিবেচনাসাপেক্ষ।

১০) নিম্নলিখিত হারে টোল ট্যাক্স আদায় করা হইবে।

## RATE CHART OF TOLL TAX

| *Sl No* | *Type of Vehicle* | *Description of Vehicle* | *Rate per trip* |
|---|---|---|---|
| 1 | Light Vehicles | Matador Tempo (Empty) | Rs. 10/- |
| 2 | Light Vehicles | Light Vehicles Matador Tempo (Loaded) | Rs. 20/ |
| 3 | Medium Vehicles | All types of Tractor ((Empty) | Rs.20/- |
| 4 | Medium Vehicles | All types of Tractor (Loaded) | Rs.30/- |
| 5 | Medium Vehicles | Bus,Truck,Lorry and Minibus(Empty) | Rs. 30/ |
| 6 | Medium Vehicles | Bus,Truck,Lorry and Minibus(Loaded/with passenger) | Rs. 50/ |
| 7 | Heavy Vehicles | JCB,Six and above wheelers vehicles (Empty) | Rs. 60/ |
| 8 | Heavy Vehicles | JCB,Six and above wheelers vehicles (Loaded) | Rs. 110/ |

উক্ত টোলট্যাক্সের হার রাস্তার পার্শ্বে প্রকাশ্যভাবে বিজ্ঞপ্তি করিতে হইবে।

স. ঘোষ
নির্ব্বাহী আধিকারিক
নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতি।

স্মারক নং:-৬৯২(৩০)/নল-১ পি. এস — তারিখ:- ০৮/০৭/২০২২

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরিত হইল:-

১) সভাধিপতি, বীরভূম জেলা পরিষদ, বীরভূম।
২) জেলা সমাহর্তা ও নির্ব্বাহী আধিকারিক, বীরভূম।
৩) মহকুমা শাসক, রামপুরহাট, বীরভূম।
৪) সভাপতি, নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতি, বীরভূম
৫) যুগ্ম নির্ব্বাহী আধিকারিক, নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতি, বীরভূম
৬) ডি.আই.ও, এন.আই.সি, বীরভূম।
৭) পৌরপিতা, নলহাটী পৌরসভা, বীরভূম।
৮) কর্মাধ্যক্ষ, পুর্তকার্য ও পরিবহন স্থায়ী সমিতি, নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতি, বীরভূম।
৯) অফিসার ইন-চার্জ, নলহাটী থানা।
১০) পোষ্টমাস্টার, নলহাটী পোষ্ট অফিস।
১১) ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, নলহাটী-১ নং ব্লক।
১২-২০) প্রধান, -------------------------(সকল) গ্রাম পঞ্চায়েত, নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতি।
২১) অফিস নোটিশ বোর্ড।
২২) প্রধান করণিক, নলহাটী-১ নং ব্লক।
২৩) ক্যাশিয়ার, নলহাটী-১ নং ব্লক।
২৪-৩০ ) নির্ব্বাহী আধিকারিক, মুরারই-১/ মুরারই-২/ নলহাটী-২/রামপুরহাট-১/ রামপুরহাট-২ / ময়ুরেশ্বর -১/ ময়ুরেশ্বর -২ পঞ্চায়েত সমিতি।

স. ঘোষ
নির্ব্বাহী আধিকারিক
নলহাটী-১ নং পঞ্চায়েত সমিতি।